**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্য সরকার মেডিক্যাল ইউনিভার্সিটি গড়ে তোলার উদ্যোগ নিয়েছে।**

(২) উৎসাহ **উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যেও আজ ইদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে।**

**(৩) কেন্দ্রীয় অর্থ মন্ত্রক জানিয়েছে, আয়কর নিয়ম, ২০২৬ আগামী পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে।**

**(৪) রাজ্য সরকার আগামী শিক্ষাবর্ষ থেকে আরও ৪৫০ টি সরকারি বিদ্যালয়ে প্রাক প্রাথমিক বিভাগ চালু করার সিদ্ধান্ত নিয়েছে |**

*****************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্য সরকার মেডিক্যাল ইউনিভার্সিটি গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। চিকিৎসা পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে রাজ্যে ১০০ শয্যা বিশিষ্ট নতুন টার্সিয়ারি হাসপাতাল গড়ে তোলারও পরিকল্পনা নেওয়া হয়েছে। আজ প্রজ্ঞাভবনে ন্যাশনাল হেলথ মিশনের ন্যাশন্যাল ওরাল হেলথ শাখা, ইন্ডিয়ান ডেন্টাল অ্যাসোসিয়েশনের রাজ্য শাখা, আগরতলা গভর্মেন্ট ডেন্টাল কলেজ এবং আইজিএম হাসপাতালের যৌথ উদ্যোগে বিশ্ব মৌখিক স্বাস্থ্য দিবস, ২০২৬ উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর আরও উন্নত

করার লক্ষ্যে নানা পরিকল্পনা নেওয়া হয়েছে। চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে উন্নত আধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহারেও জোর দিয়েছে সরকার।

****************************

**Eid-Ul-Fitar-1:**

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যেও আজ ইদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে। ইদের নামাজ আদায়ের জন্য সকাল থেকে মসজিদে মসজিদে ভিড় করতে থাকেন ইসলাম ধর্মালম্বীরা।আগরতলায় কেন্দ্রীয় নামাজ আদায় করা হয়, শিবনগরের গেদুমিয়াঁ ইদগাহ প্রাঙ্গনে। এখানে নামাজ পরিচালনা করেন আগরতলা টাউন জামে মসজিদের ইমাম হজরত মৌলানা আবদুর রহমান কাশেমি।

নামাজ থেকে তিনি দেশের সমৃদ্ধি, শান্তি, মৈত্রী, ধর্ম সম্প্রদায় নির্বিশেষে সকলের ঐক্য ও সৌভ্রাতৃত্ব আরও মজবুত করার প্রার্থনা করেন|

এদিকে, ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গোমতি জেলাতেও ইসলাম ধর্মালম্বীরা ঐতিহ্যবাহী ইদ-উল-ফিতর উদযাপন করেন|

বিশ্ব শান্তির কামনায় শান্তি সম্প্রীতি সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ বজায় রাখার লক্ষ্যে জেলার ১২১ টি মসজিদের সবকয়টি ঈদগারে নামাজ আদায় করা হয়।

গোমতী জেলা সদর উদয়পুরের টাউন জামে মসজিদ প্রাঙ্গন ঈদগারে আজ সকাল ৯টায় ইদের নামাজ পরিচালনা করেন ইমাম মাওলানা দেলোয়ার হোসেন। নামাজ আদায়ের পর সবাই শুভেচ্ছা বিনিময় করেন|

অমরপুর মহকুমার টাউন জামে মসজিদে নামাজ পরিচালনা করেন মাওলানা জামাল হোসেন এবং করবুক মহকুমার প্রধান মসজিদে নামাজ পরিচালনা করেন মাওলানা আবুল হাসান।

****************************

## Eid-Ul-Fitar-2:

ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ ধর্মীয় রীতিনিয়ম মেনে পালিত হয়, পবিত্র ঈদ-উল-ফিতর। এই উপলক্ষ্যে কৈলাশহরের বিভিন্ন ঈদগাহ, মসজিদ ও মাদ্রাসা প্রাঙ্গণে নতুন পোষাক পড়ে ঈদের নামাজ আদায় করেন ধর্মপ্রাণ ইসলাম ধর্মাবলম্বীরা। নামাজ শেষে অনুষ্ঠিত হয়, দিবস'টির তাৎপর্য নিয়ে আলোচনা ও খুতবা পাঠ ইত্যাদি। কৈলাশহর বাজার জামে মসজিদ প্রাঙ্গণে হাফিজ আব্দুল জলিল,বাবুরবাজার জামিয়া ইসলামিয়া হোসাইনিয়া মাদ্রাসা মাঠে হাফিজ আব্দুল সমদ নামাজ পাঠ করান। টিলাবাজার ঈদগাহ ময়দানে মৌলানা সৈয়দ শাহনওয়াজ আলম, নূরপুর আহমদিয়া ঈদগাহ মাঠে মৌলানা মকলিস্থুর রহমান নামাজ পরিচালনা করেন।

এদিকে, ঈদ-উল-ফিতরের আনন্দে মাতোয়ারা সিপাহীজলা জেলার মিশ্র বসতির সোনামুড়া মহকুমা। ঈদ উপলক্ষে ইসলাম ধর্মালম্বীদের বাড়িতে চলছে উৎসবের আমেজ। রকমারি পিঠে, সেমাই, মিষ্টান্নতে ঈদ উপলক্ষে বাড়িতে আসা অতিথিদের আপ্যায়ন চলবে আরো কয়েকদিন। একমাস ধরে সিয়াম সাধনা তথা রমজান পালনের পর এই খুশির ঈদের তাৎপর্য ব্যাখ্যা করেন সোনামুড়া টাউন জামে মসজিদের ইমাম।

****************************

## CM Meeting:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে এস আই আর প্রক্রিয়া শুরু করার জন্য নির্বাচন কমিশন শীঘ্রই নির্দেশিকা জারি করবে। এই প্রক্রিয়ায় সঠিক তথ্য জনগণের কাছে পৌঁছে দেবার পাশাপাশি প্রকৃত ভোটাররা যেন বাদ না যায় সেই লক্ষে সরকারের পক্ষ থেকে প্রস্তুতি নেওয়া হচ্ছে। আজ

আগরতলার ভগৎ সিং যুব আবাসে ত্রিপুরা প্রদেশ বিজেপির উদ্যোগে আয়োজিত এক সাংগঠনিক সভায় তিনি একথা বলেন| বৈঠকে উপস্থিত ছিলেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক তরুণ চুগ, সর্বভারতীয় সম্পাদক বিনোদ সুনকার, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্তনা চাকমা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**World Poetry Day:**

আজ ২১ মার্চ বিশ্ব কবিতা দিবসে বিলোনিয়া জনগ্রন্থাগারে মহকুমা ভিত্তিক কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য্যের জন্মশতবর্ষ উপলক্ষে বর্ষব্যাপী কর্মসূচীর সূচনা করেন অবসরপ্রাপ্ত বিচারপতি ও বিশিষ্ট লেখক আশিষ পাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, লোক গবেষক অশোকানন্দ রায়বর্ধন, সাব্রুম নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারম্যান প্রাবন্ধিক দীপক দাস|

****************************

**SSA Teachers Asso:**

ত্রিপুরা সর্ব শিক্ষা অভিযান টিচার্স এসোসিয়েশনের পক্ষ থেকে অবিলম্বে সর্বশিক্ষায় নিয়োজিত শিক্ষকদের নিয়মিত করন ও পেনশন প্রদানের জন্য রাজ্য সরকারের কাছে দাবি করা হয়েছে। আজ আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের সভাপতি সজল দেব একথা জানান| সংগঠনের সম্পাদক বিপুল দেববর্মা সর্বশিক্ষার শিক্ষকদের বিষয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে যে এস এল পি দায়ের করেছে তা প্রত্যাহার করে নিয়মিতকরন সংক্রান্ত ত্রিপুরা হাইকোর্টের নির্দেশ কার্যকরের দাবি জানান| সাংবাদিক সম্মেলনে ভারতীয় মজদুর সংঘের পক্ষে সেন্টু দাসও বক্তব্য রাখেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**New Income Tax Rules 2026:**

কেন্দ্রীয় অর্থ মন্ত্রক জানিয়েছে, আয়কর নিয়ম, ২০২৬ আগামী পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে। এর লক্ষ্য সঠিক তথ্য প্রকাশের মাধ্যমে কর-অনুবর্তিতা বাড়ানো এবং নিয়ম আরো সহজ করা। নতুন নিয়মে পুরনো প্রক্রিয়ার পরিবর্তে পরিমার্জিত সংজ্ঞা ও প্রতিবেদন দাখিলের পদ্ধতি চালু হয়েছে। সংস্থাগুলিকে শেয়ার রেজিস্টার রাখা, সাধারণ সভা করা এবং লভ্যাংশ শুধুমাত্র দেশের মধ্যেই প্রদান করতে বলা হয়েছে। স্টক এক্সচেঞ্জগুলিকে সাত বছর অডিট ট্রেইল সংরক্ষণ, লেনদেনের রেকর্ড সুরক্ষিত রাখা এবং মাসিক রিপোর্ট জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। এই নিয়মগুলির মাধ্যমে কর ব্যবস্থায় স্বচ্ছতা, ডিজিটালাইজেশন ও শৃঙ্খলা আরও দৃঢ় হবে।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

****************************

**CITU Press Meet:**

রাজ্যে সর্বস্তরের অনিয়মিত কর্মীদের নিয়মিত করে পূর্নাঙ্গ বেতনক্রম প্রদান করা সহ চার দফা দাবিতে আগামী ২৩ই মার্চ সিআইটিইউ বিধানসভা অভিযান করবে |আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন সিআইটিইউ রাজ্য সভাপতি মানিক দে। তিনি বলেন, বামফ্রন্ট আমলে দশ বছর চাকরি করলেই সমস্ত অনিয়মিত কর্মীরা নিয়মিত হওয়ার সুযোগ পেতেন। কিন্তু বিজেপি নেতৃত্বাধীন সরকার এই সুবিধা বন্ধ করে দিয়েছে। শ্রী দে অনিয়মিত কর্মীদের নিয়মিত করার বিষয়ে পূর্বতন বামফ্রন্ট সরকারের নীতি পুনরায়: চালু করার দাবী জানিয়েছেন| সাংবাদিক সম্মেলনে সিআইটিইউ রাজ্য সাধারন সম্পাদক শংকর প্রসাদ দত্তও বক্তব্য রাখেন|

****************************

**New 450 Pre Primary Unit :**

রাজ্য সরকার আগামী শিক্ষাবর্ষ থেকে আরও ৪৫০ টি সরকারি বিদ্যালয়ে প্রাক প্রাথমিক বিভাগ চালু করার সিদ্ধান্ত নিয়েছে| বুনিয়াদী শিক্ষা দপ্তরের অধিকর্তা

রাজীব দত্ত এরজন্য সংশ্লিষ্ট বিদ্যালয়গুলিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য প্রত্যেক জেলা শিক্ষা আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

****************************

**First Division Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে ওল্ড প্লে সেন্টার ১১১ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে, টিআইটি মাঠে মৌচাক ক্লাব ৭ উইকেটে ইউনাইটেড বি এস টিকে এবং এমবিবি স্টেডিয়ামে চলমান সংঘ ১0 উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে।

****************************

**Weather:**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ২৪ ঘন্টায় ত্রিপুরা সহ আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মনিপুর ও মিজোরামে ঘন্টায় ৩0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে৷ তাছাড়া, এই রাজ্যগুলিতে আগামী ২৭ শে মার্চ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে|

আগামীকাল রাজ্যে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩0 ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮.৯ ডিগ্রি সেলসিয়াস।

****************************

****************************